সমরে আমরা শান্তিতে আমরা, সর্বত্র আমরা দেশের তরে



# বাংলাদেশ সেনাবাহিনীতে নেতৃত্বের চ্যালেঞ্জ গ্রহণ করুন

## ৭১ বিএমএ দীর্ঘ মেয়াদী কোর্স (পুরুষ/মহিলা) এ যোগ দিন ।
## বাংলাদেশ সেনাবাহিনীতে নিয়মিত কমিশন্ড অফিসার হওয়ার স্বপ্ন পূরণ করুন

### যোগ্যতাঃ

১। **বয়স** ।০১ জানুয়ারি ২০১৩ তারিখে ১৭-২১ বছর (সশস্ত্র বাহিনীতে কর্মরত প্রার্থীদেও জন্য বয়স ১৮-২৩ বছর) এফিডেভিট গ্রহণযোগ্য নয় ।

২। **শারীরিক মান (ন্যূনতম)**

**ক। পুরুষ**

(১) উচ্চতা ঃ ১.৬৩ মিটার (৫ ফুট ৪ ইঞ্চি) ।
(২) ওজন ঃ ৪৫.৩৬ কিলোগ্রাম (১০০ পাউন্ড) ।
উচ্চতা ও বয়স অনুসারে অতিরিক্ত ওজন হলে অযোগ্য বিবেচিত হবে ।
(৩) বুক ঃ স্বাভাবিক - ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি) ।
প্রসারণ - ০.৮১ মিটার (৩২ ইঞ্চি) ।

**খ। মহিলা**

(১) উচ্চতা ঃ ১.৫৫ মিটার (৫ ফুট ১ ইঞ্চি) ।
(২) ওজন ঃ ৪০.৮২ কিলোগ্রাম (৯০ পাউন্ড) ।
(৩) বুক ঃ স্বাভাবিক- ০.৭১ মিটার (২৮ ইঞ্চি) ।
প্রসারণ- ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি) ।

৩। **শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)** । মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমান পরীক্ষায় আলাদা আলাদা ভাবে কমপক্ষে জিপিএ ৩.৫ উত্তীর্ণ (২০১২ সালের এইচ এস সি পরীক্ষার্থীগণ আবেদন করতে পারবেন)। নোটঃ ইংরেজী মাধ্যমের প্রার্থীগণকে শিক্ষা মন্ত্রণালয় হতে সমতা নিরুপন সার্টিফিকেট প্রদর্শন করতে হবে ।

৪। **বৈবাহিক অবস্থা** । অবিবাহিত (সশস্ত্র বাহিনীতে কর্মরত প্রার্থীগণ বিবাহিত/অবিবাহিত) ।

৫। **জাতীয়তা** । জন্ম/ডোমিসাইল সূত্রে বাংলাদেশী ।

### অযোগ্যতাঃ

৬। সেনা/নৌ/বিমান বাহিনী অথবা যে কোন সরকারী চাকুরী হতে অপসারিত/বরখাস্ত ।
৭। আইএসএসবি (ISSB) কর্তৃক দুইবার স্ক্রিন্ড আইট/প্রত্যাখ্যাত (একবার স্ক্রিন্ড আউট ও একবার প্রত্যাখ্যাত হলে আদেন করা যাবে) ।
৮। আপিল মেডিক্যাল বোর্ড কর্তৃক অযোগ্য ঘোষিত (শুধু উচ্চতা, বুকের মাপ এবং ওজনের ক্ষেত্রে প্রয়োজনীয় মান অর্জিত হলে আবেদন করা যাবে) । তবে অযোগ্য ঘোষিত প্রার্থী পুণরায় যোগ্য ঘোষিত হওয়া ব্যতীত আবেদন করতে পারবে না ।

### আবেদনপত্র সংগ্রহ পদ্ধতিঃ

৯। ১৩ জানুয়ারি ২০১২ তারিখ হতে www.joinbangladesharmy.mil.bd ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন করা যাবে । এক্ষেত্রে ওয়েবসাইটে বর্নিত পদ্ধতি অনুস্বরণ করে সরাসরি কল আপ লেটার সংগ্রহ করা যাবে । ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন করা সম্ভব না হলে আবেদনপত্র প্রাপ্তির জন্য শুধু সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে **"সেনাসদর, এজি শাখা, পিএ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস"** এর নামে এবং সোনালী ব্যাংক, ঢাকা সেনানিবাস, কর্পোরেট শাখার অনুকূলে প্রদানযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফ্‌ট/ পে-অর্ডার সংগ্রহ করতে হবে (পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) ।

১০। উক্ত ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার নিম্নোক্ত আবেদনপত্র প্রাপ্তির স্থানে জমা দিয়ে আবেদনপত্র সংগ্রহ করা যাবে ।

### আবেদনপত্র প্রাপ্তির স্থান (অনলাইন এ আবেদন সম্ভব না হলে)ঃ

১১। ঢাকা, সাভার(ঢাকা), রাজেন্দ্রপুর (গাজীপুর), বগুড়া, রাজশাহী, কাদিরাবাদ(নাটোর), শহীদ সালাহ্‌উদ্দিন (ঘাটাইল/টাংগাইল), ময়মনসিংহ, কুমিল্লা, জালালাবাদ (সিলেট), চট্টগ্রাম, যশোর, জাহানাবাদ(খুলনা), রংপুর এবং সৈয়দপুর (নীলফামারী) সেনানিবাস এর স্টেশন সদর দপ্তর ।

১২। সদর দপ্তর রিক্রুটিং ইউনিট (আজিমপুর, ঢাকা) সদর দপ্তর বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড (১৬০ কাকরাইল, ঢাকা), জেলা সশস্ত্র বাহিনী বোর্ড (ডিএএসবি) কুষ্টিয়া, বগুড়া, কুমিল্লা, চট্টগ্রাম, বরিশাল, যশোর, সিলেট, খুলনা ময়মনসিংহ, নোয়াখালী, দিনাজপুর, ফরিদপুর, জামালপুর, পাবনা, পটুয়াখালী, রংপুর, টাংগাইল, রাজশাহী ও পার্বত্য চট্টগ্রাম (রাজবাড়ী, রাঙ্গামাটি) এর অফিস সমূহ এবং সদর দপ্তর বিএনসিসি (৩২ ঈশা খাঁ এভিনিউ, সেক্টর নম্বর-৬, উত্তরা মডেল টাউন, ঢাকা) ।

### নির্বাচন পদ্ধতিঃ

১৩। **প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা/মৌখিক পরীক্ষা** । অনলাইনে আবেদনকারী প্রার্থীগণ সরাসরি সাক্ষাৎকারপত্র সংগ্রহ করে নির্দিষ্ট তারিখে তার সুবিধামত সেনানিবাসে পরীক্ষায় অংশ গ্রহণ করবে । অনলাইন ব্যতিত অন্যান্য আবেদনকারীর আবেদনপত্র পরীক্ষা/নিরীক্ষান্তে সেনাসদর কর্তৃক একটি সাক্ষাৎকারপত্র (Call Up Letter) প্রেরণ করবে । প্রাথমিক নির্বাচনী পরীক্ষা আগামী ২২ এপ্রিল হতে ২১ মে ২০১২ পর্যন্ত বিভিন্ন সেনানিবাসে অনুষ্ঠিত হবে । কল আপ লেটার (প্রবেশপত্র) না পেয়ে থাকলে বাংলাদেশ সেনাবাহিনীর ওয়েবসাইট www.joinbangladesharmy.mil.bd এবং আবেদনপত্রে উল্লেখিত কেন্দ্রের সেনানিবাসের প্রধান এমপি চেকপোষ্টে প্রদর্শিত নামীয় তালিকা হতে ওএমআর নম্বরের ভিত্তিতে পরীক্ষার কেন্দ্র ও রোল নম্বর জানতে পারবে । পরবর্তীতে নির্দিষ্ট তারিখে পাসপোর্ট সাইজের দুই কপি ছবিসহ পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হয়ে ডুপ্লিকেট সাক্ষাৎকারপত্র সংগ্রহ পূর্বক প্রাথমিক নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে ।

১৪। **লিখিত পরীক্ষা** । প্রাথমিক নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে বাংলা, ইংরেজী, সাধারণ গণিত এবং সাধারণ জ্ঞান বিষয়ে সাক্ষাৎকারপত্রে উল্লেখিত স্থানে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে । লিখিত পরীক্ষা আগামী ০৮ জুন ২০১২ (শুক্রবার) তারিখে অনুষ্ঠিত হবে ।

১৫। **আন্তঃ বাহিনী নির্বাচনী পর্ষদ (ISSB) পরীক্ষা** । লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে ঢাকা সেনানিবাসে অবস্থিত আইএসএসবি এর নিকট পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য নির্ধারিত তারিখে উপস্থিত হতে হবে । এই পরীক্ষা চার দিনে সম্পন্ন হয় এবং এর যাবতীয় খরচ সরকার কর্তৃক বহন করা হয় ।

১৬। **চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা** । আইএসএসবি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে চূড়ান্ত পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে ।

১৭। **চূড়ান্ত নির্বাচন এবং যোগদান নির্দেশিকা প্রদান** । স্বাস্থ্য পরীক্ষায় চূড়ান্ত যোগ্যতা অর্জন সাপেক্ষে প্রার্থীদেরকে সেনাবাহিনী সদর দপ্তর কর্তৃক চূড়ান্তভাবে যোগ্য ঘোষণা এবং পরবর্তীতে যোগদান নির্দেশিকা প্রদান করা হবে ।

### বিশেষ নির্দেশনাঃ

১৮। ক্যাডেট কলেজ/বিএনসিসি ক্যাডেটগণকে স্ব স্ব কলেজ/রেজিমেন্টের মাধ্যমে আবেদন করতে হবে ।
১৯। আবেদনপত্র পূরণের নিয়মাবলী এবং অন্যান্য বিস্তারিত তথ্যের জন্য আবেদনপত্রের সংগে প্রদত্ত সাধারণ নির্দেশিকা পড়ুন ।
২০। সঠিকভাবে প্রার্থীর OMR(Optical Mark Reader) ফরম পূরণ করতে হবে । অন্যথায় অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে ।

### প্রাপ্ত সুযোগ-সুবিধা

২১। **পেশাগত মর্যাদা** । সুযোগ্য নেতৃত্বের গুণাবলী অর্জন ও গর্বিত নাগরিক হওয়ার স্বর্ণালী সুযোগের পাশাপাশি কমিশন প্রাপ্তির পর প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার হিসেবে নিযুক্তি ।

২২। **বেতন ও ভাতাদি** ।
ক। **মূল বেতন** । ক্যাডেটদের ক্ষেত্রে টাকা ৪৫৮০/= এবং সেকেন্ড লেফটেন্যান্ট হতে মেজর জেনারেল পর্যন্ত টাকা ১১,০০০/= থেকে টাকা ৪০,০০০/= পর্যন্ত ।
খ। **ভাতাদি** । মূল বেতনের প্রায় ৩০% অন্যান্য বেতন ও ভাতা প্রাপ্তি । সরকারি পারিবারিক বাসস্থানের ব্যবস্থা না হলে সে ক্ষেত্রে মূল বেতনের ভিত্তিতে ৪০-৪৫% পর্যন্ত বাড়ী ভাড়া ভাতা প্রাপ্তির সুবিধা ।

২৩। **অন্যান্য সুযোগ-সুবিধা** ।
ক। বিএ/বিএসসি পাশের সুযোগ ।
খ। যোগ্যতার ভিত্তিতে সিভিল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইইসিই (Electrical, Electronic & Communication Engineering), কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং (CSE), মাষ্টার্স অব সায়েন্স ইন মিলিটারি ষ্ট্যাডিস এবং এমবিএ (Masters of Business Administration) পড়ার সুযোগ ।
গ। বিদেশে প্রশিক্ষণ ও উচ্চতর শিক্ষা লাভের সুযোগ ।
ঘ। নিজ সন্তানদের জন্য ক্যাডেট কলেজ, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজে, মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি এবং সেনাবাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত স্কুল/কলেজ অধ্যায়নের সুযোগ ।
ঙ। নিরাপদ ও মনোরম পরিবেশে মানসম্পন্ন বাসস্থান প্রাপ্তি এবং দেশে বিদেশে উন্নতমানের চিকিৎসা লাভের সুযোগ ।
চ। নির্ধারিত শর্ত সাপেক্ষে ঢাকা ও অন্যান্য স্থানে এএইচএস এবং ডিওএইচএস-এ প্লট/ফ্ল্যাট প্রাপ্তির সুবিধা ।
ছ। দুরারোগ্য ব্যাধিতে উন্নত চিকিৎসার প্রয়োজন হলে নগদ অর্থ প্রদানসহ বিদেশে পাঠানোর ব্যবস্থা ।
জ। জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনীতে যোগদান করে বিদেশ ভ্রমন ও আর্থিক সচ্ছলতা অর্জনের সুযোগ ।
ঝ। বাংলাদেশ দূতাবাস সমূহে সামরিক উপদেষ্টা/সহকারী সামরিক উপদেষ্টা পদে নিয়োগ প্রাপ্তির সুযোগ ।

**বিশেষ দ্রষ্টব্যঃ** অন লাইনে আবেদনকারী প্রার্থীগণ টেলিটকে এসএমএস এর জন্য প্রেরিত কোড নম্বর সংরক্ষণ করবে এবং কল-আপ লেটার সাথে সাথেই প্রিন্ট করতে হবে । ফরম ক্রয় করে আবেদনকারী প্রার্থীগণ ওএমআর নম্বর যথাযথভাবে সংরক্ষণ করবে ।

অনলাইনে আবেদন করতে লগ ইন করুনঃ www.joinbangladesharmy.mil.bd

আবেদনের শেষ তারিখ ০১ মার্চ ২০১২

## বাংলাদেশ সেনাবাহিনী

প্রচারণায়: পরিচালক, পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর, এ্যাডজুটেন্ট জেনারেল শাখা, সেনাবাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস

বিশেষ তথ্যের জন্য যোগাযোগ করুনঃ

কমিশন তথ্য সেল । তারালাপনীঃ ০২-৮৮৭১২৩৪ বর্ধিত ২৪৮২ অথবা ০২-৮৭৫২৪৯৬ (সরাসরি)
সেনাবাহিনী ওয়েব সাইট www.joinbangladesharmy.mil.bd, আন্তবাহিনী নির্বাচন পর্ষদ ওয়েব সাইট www.issb-bd.org

ISPR/Army/1009/03/1/12
GD-244